

আপীল নং-০৭০/২০২৩

তারিখঃ ০২/০৮/২০২৩

আদেশের ক্রমিক
নং ও তারিখ

আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর

আদেশের উপর
গৃহীত ব্যবস্থা

১০/০৮/২০২৩

অদ্য শুনানী গ্রহণ করা হ’ল। আপীলকারী জনাব কাজী ওয়াহিদুল আলম এর প্রতিনিধি জনাব নাসিম আহমেদ কামাল হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী জানান যে, এজেন্সিটির নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ৩১/১২/২০২২ পর্যন্ত। নিবন্ধন সনদ নবায়ন আবেদন দাখিলের নির্ধারিত তারিখ ছিল ৩১/১০/২০২২। কিন্তু এজেন্সিটি নবায়নের জন্য আবেদন দাখিল করেছে ২৬/০৬/২০২৩ তারিখে যা নির্ধারিত সময়ের ০৭ মাস ২৭ দিন পরে। নির্ধারিত সময়ে উক্ত ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদ নবায়নের আবেদন দাখিল না করায় বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন-২০১৩ (সংশোধিত-২০২১) এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা-২০২২ মোতাবেক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক গত ১০/০৭/২০২৩ তারিখ নিবন্ধন নবায়ন আবেদন না-মঞ্জুর করা হয়।

নিবন্ধন কর্তৃপক্ষের নামঞ্জুর আদেশের বিরুদ্ধে বর্ণিত এজেন্সি কর্তৃক গত ৩১/০৭/২০২৩ তারিখ আপীল কর্তৃপক্ষ বরাবর আপীল দায়ের করা হয়। “বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩” (সংশোধিত-২০২১) এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন সনদ নবায়ন আবেদন নামঞ্জুরের পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। উক্ত এজেন্সি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে আপীল আবেদন দায়ের করা হয়েছে। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন সনদ নবায়নের আবেদন দাখিল না করায় বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন-২০১৩ (সংশোধিত-২০২১) এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা-২০২২ মোতাবেক আপীল কর্তৃপক্ষ কর্তৃক আবেদনটি বিবেচনা করার সুযোগ নেই।

এমতাবস্থায়, “বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩” (সংশোধিত-২০২১) এর ১০ ধারা এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ১৮ অনুযায়ী আপীল আবেদনটি নামঞ্জুর করা হ’ল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাক্ষরিত/-

তাং-১০/০৮/২০২৩

মনোজ কুমার রায়
অতিরিক্ত সচিব (পর্যটন)

ও

আপীল কর্তৃপক্ষ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-৩ শাখা

নং-৩০.০০.০০০০.০২৫.২০.০৬৩.২৩- ১০৮৫

তারিখ: ১৩/০৮/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৩) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
- ৪) যুগ্ম-সচিব (নিবন্ধন কর্তৃপক্ষ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) জেলা প্রশাসক, ঢাকা।
- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৭) প্রোগ্রামার এ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশে জন্য)।
- ৮) অতিরিক্ত সচিব (পর্যটন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৯) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ (আটাব), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।
- ১০) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
- ১১) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----
- ১২) জনাব কাজী ওয়াহিদুল আলম, স্বত্বাধিকারী, জেটএইজ এয়ার সার্ভিসেস লিমিটেড, সিটি হার্ট (১১তলা) ৬৭ নয়াপল্টন, ঢাকা-১০০০


আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী
উপসচিব

ফোন: ০২-৫৫১০০৮৩৯

ইমেইল: dstourism3@mocat.gov.bd